

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মাসিক মিয়া

তালা সরকারি বালিকা বিদ্যালয়ে সাত শিক্ষকের পদ শূন্য, লেখাপড়া ব্যাহত

০৯ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

তালা (সাতক্ষীরা) সংবাদদাতা

তালা উপজেলা সদরের নারী শিক্ষার ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ শহীদ আলী আহম্মদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক সংকটের কারণে স্বাভাবিক লেখাপড়া দারুণভাবে ব্যাহত হচ্ছে। প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক মিলে অত্র বিদ্যালয়ে মোট ১৭টি শিক্ষকের পদ থাকলেও গত তিন বছর যাবত সাতটি পদ শূন্য পড়ে আছে। যে কারণে স্বাভাবিকভাবে শিক্ষাদান করা দুর্ভাগ্য হয়ে পড়েছে।

অত্র বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মাহফুজা বেগম জানান, গত তিন বছর যাবত ভৌত বিজ্ঞান বিষয়ের একজন, জীববিজ্ঞানে একজন, ভূগোলে একজন এবং সামাজিক বিজ্ঞান বিষয়ের চারজন মিলে সাতজন শিক্ষকের পদে কোনো জনবল নেই। এছাড়া অফিস সহকারী একজন ও নৈশপ্রহরী পদে কোনো জনবল না থাকায় অফিসের কার্যক্রম পরিচালনাসহ বিদ্যালয়টির নিরাপত্তার অভাব প্রকট আকার ধারণ করেছে। তিনি জানান, অত্র বিদ্যালয়ের এসএসসি ও জেএসসি পরীক্ষার ফলাফল সন্তোষজনক। স্কুলে ৬ষ্ঠ শ্রেণি হতে ১০ম শ্রেণি পর্যন্ত ৪১৩ জন ছাত্রী রয়েছে।

শিক্ষক সংকটের কারণে তাদেরকে নিয়মিত পাঠদান করা অসম্ভব হয়ে পড়েছে। তিনি আরও জানান, ১৭ জন শিক্ষকের স্থলে বর্তমান ১০ জন শিক্ষক কর্মরত থাকলেও এর মধ্যে একজন শিক্ষক ৩৬তম বিসিএস-এ সুযোগ লাভ করায় তিনি অতিসত্ত্ব চলে যাবেন। সেক্ষেত্রে আরও একজন শিক্ষকের পদ শূন্য হয়ে পড়বে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। বিদ্যালয়টির স্বাভাবিক লেখাপড়া অব্যাহত রাখতে শূন্য পদে দ্রুত শিক্ষক নিয়োগের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি আকর্ষণ করেছেন অভিভাবকসহ শিক্ষানুরাগী তালাবাসী।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত